

২১ মাঘ, ১৪২৭

তারিখঃ

৪ ফেব্রুয়ারি ২০২১

স্মারক নং: ৫৩.০৩.০০০০.০৭৫.২২.০১৮.১৯.০৮

**সার্কুলার নং: নন-লাইফ ৮৪/২০২১**

নন-লাইফ বীমাখাতে কর্তৃপক্ষ কর্তৃক অনেকগুলো পদক্ষেপ নেয়া সত্ত্বেও কমিশন সংক্রান্ত বিষয়ে শৃঙ্খলা সম্পূর্ণরূপে নিশ্চিত হচ্ছে না বিধায় এ খাতে শৃঙ্খলা আনয়নের স্বার্থে বীমা আইন, ২০১০ এর অধীনে বীমা এজেন্ট নিয়োগ ও নিবন্ধন প্রবিধানমালা গেজেট আকারে প্রকাশিত না হওয়া পর্যন্ত নন-লাইফ বীমাখাতে কমিশন সংক্রান্ত বিষয়ে নিম্নোক্ত নির্দেশনা প্রদান করা হলোঃ

(১) নন-লাইফ বীমাখাতে ব্যবসা অর্জন বা সংগ্রহের বিপরীতে ১৫% (পনের শতাংশ) বীমা এজেন্ট কমিশন প্রদান সংক্রান্ত সার্কুলার নং নন-লাইফ ৩২/২০১২, তারিখ ১ এপ্রিল ২০১২ এবং নন-লাইফের কমিশন হার সংক্রান্ত জারিকৃত অন্যান্য নির্দেশনাবলী পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত স্থগিত করা হলো;

(২) নন-লাইফ বীমাখাতে ব্যবসা অর্জন বা সংগ্রহের বিপরীতে বীমা এজেন্ট কমিশন ১৫% (পনের শতাংশ) এর পরিবর্তে ০% (শূন্য শতাংশ) নির্ধারণ করা হলো;

(৩) উন্নয়ন কর্মকর্তাগণের বেতন-ভাতাদি ও অন্যান্য সুবিধাদি কর্মকর্তাগণের সংগৃহীত প্রিমিয়ামের শতকরা হারে প্রদান করা যাবে না। চুক্তিভিত্তিক নিয়োগ ব্যতীত সকল উন্নয়ন কর্মকর্তাগণের নিয়োগপত্রে সংশ্লিষ্ট বীমাকারীর পে-স্কেল অনুযায়ী বেতন-ভাতাদি উল্লেখ করতে হবে এবং সে অনুযায়ী বেতন-ভাতাদি প্রদান করতে হবে;

(৪) সকল পর্যায়ের কর্মকর্তা-কর্মচারীগণের বেতন-ভাতাদি ও অন্যান্য সুবিধাদি কর্তৃপক্ষের সার্কুলার নং: নন-লাইফ ৬৪/২০১৯ এর ৩ নং দফায় বর্ণিত ব্যবস্থাপনা ব্যয়ের জন্য নির্ধারিত ব্যাংক হিসাব হতে কর্মকর্তা-কর্মচারীগণের স্ব স্ব ব্যাংক হিসাবে ট্রান্সফার বা একাউন্ট পেয়ী চেক এর মাধ্যমে প্রদান করতে হবে;

(৫) উন্নয়ন কর্মকর্তাগণের বেতন-ভাতাদি ও অন্যান্য সুবিধাদি প্রদান সংক্রান্ত মাসিক প্রতিবেদন পরবর্তী মাসের ৭ (সাত) তারিখের মধ্যে নিম্নোক্ত ছকে কর্তৃপক্ষের নিকট প্রেরণ করতে হবেঃ

ক্রমিক নং	নাম	পদবী	শাখা	মোট বেতন (টঃ)	কর্তন (ট্যাক্স, পিএফ ইত্যাদি)	নিট বেতন (টঃ)	ব্যাংক হিসাব নং	অর্জিত গ্রস প্রিমিয়াম

(৬) এ নির্দেশনা ১ মার্চ ২০২১ (জাতীয় বীমা দিবস) থেকে কার্যকর হবে।

ড. এম. মোশাররফ হোসেন, এফসিএ

চেয়ারম্যান

**বিতরণ-কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

- ১। ব্যবস্থাপনা পরিচালক, সাধারণ বীমা কর্পোরেশন;
- ২। মুখ্য নির্বাহী কর্মকর্তা, সকল নন-লাইফ ইস্যুরেন্স কোম্পানি।

**সদয় অবগতির জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

- (১) গভর্নর, বাংলাদেশ ব্যাংক;
- (২) চেয়ারম্যান, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন;
- (৩) প্রেসিডেন্ট, বাংলাদেশ ইস্যুরেন্স এসোসিয়েশন;
- (৪) চেয়ারম্যান, সাধারণ বীমা কর্পোরেশন;
- (৫) চেয়ারম্যান, সকল নন-লাইফ ইস্যুরেন্স কোম্পানি;
- (৬) নির্বাহী পরিচালক (সকল), বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ;
- (৭) মাননীয় অর্থমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় অর্থমন্ত্রী মহোদয়ের সদয় দৃষ্টি গোচরে আনার অনুরোধসহ);
- (৮) সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় দৃষ্টি গোচরে আনার অনুরোধসহ);
- (৯) পরিচালক (সকল), বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ;
- (১০) সদস্য মহোদয়গণের ব্যক্তিগত সহকারী; বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ;
- (১১) কর্তৃপক্ষের সকল শাখা প্রধান, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ;
- (১২) অফিস কপি।